

## COVID-19 এবং কাজসংক্রান্ত স্বাস্থ্য ও নিরাপত্তা -বিভিৎ ও নির্মাণকাজ

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা আইনের মডেলের অধীনে, আপনার চাকুরীদাতা বা নিয়োগকর্তার দায়িত্ব আছে তাঁদের সকল কর্মী ও কাজের জায়গার অন্যান্যদের স্বাস্থ্য ও নিরাপত্তার তত্ত্বাবধান করা। নিয়োগকর্তা হিসেবে আপনাকে অবশ্যই কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তায় COVID-19 ভাইরাস প্রকাশের ঝুঁকিগুলো সনাক্ত করতে হবে, এবং যেখানে সম্ভব দূর করার বা কমিয়ে আনার ব্যবস্থা নিতে হবে।

আপনাকে অবশ্যই কর্মীদের সাথে COVID-19 বিষয়ক স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কে আলোচনা করতে হবে। আপনি কোন সিদ্ধান্ত নেবার আগে কর্মীদের মতামত প্রকাশ করতে অনুমতি দিন।

### শারীরিক দূরত্ব

কর্মীদেরকে কমপক্ষে ১.৫ মিটার দূরত্বে রাখতে আপনাকে অবশ্যই যা করণীয় তা করতে হবে, যেমনঃ

- শারীরিক সংস্পর্শ সীমিত করুন- যোগাযোগ করুন ফোন বা রেডিও জাতীয় মাধ্যম ব্যবহার করে
- সাইটে কর্মীদের সংখ্যা সীমিত করুন
- সকাল (AM) ও বিকাল (PM)-এ শিফটগুলো ভাগ করে ফেলুন
- প্রত্যেক দিন কাজ সম্পূর্ণ করার সংখ্যা কমান
- বাড়ী থেকে কাজ করার অনুমতি দিন, যেখানে সম্ভব
- সাইটে চলার পথ তৈরী করুন যেন শারীরিক বিচ্ছেদ বজায় থাকে
- একই সময়ে একই জায়গায় কর্মীদের সংখ্যা কমান, খাবার সময় ও ব্রেক-এর সময়ও এর অন্তর্ভুক্ত এবং ব্রেক রুমের আসবাবপত্র ছড়িয়ে রাখুন
- যেখানে সম্ভব মিটিং-গুলো অনলাইনে করুন, যদি তা না হয়, তবে খোলা জায়গায় করুন এবং কর্মীদেরকে ১.৫ মিটার ব্যবধানে রাখুন
- অপরিহার্য নয় এমন প্রশিক্ষণে বিলম্ব করুন
- কর্মক্ষেত্রের সাইটের চারদিকে শারীরিক দূরত্ব বিষয়ক সাইন প্রদর্শন করুন

যেকোন ধরনের স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকি ব্যাপারে আপনাকে অবশ্যই ব্যবস্থা নিতে হবে ( যেমন যোগাযোগের প্রভাব) যা শারীরিক দূরত্বের ফলস্বরূপ হতে পারে।

### স্বাস্থ্য পরীক্ষা ও কোয়ারেন্টিন বা পৃথক করণ

আপনার কর্মীদের মধ্যে COVID-19-এর উপসর্গগুলো পর্যবেক্ষণ করুন, যেমন জ্বর।

সকল কর্মীদের নির্দেশ দিন, তাঁরা কাজের জায়গায় থাকুন বা না থাকুন, যেন আপনাকে জানান যদি তাঁদেরঃ

- কোন উপসর্গ থাকে
- COVID-19 থাকতে পারে এমন কারো সাহচর্যে আসেন ( এমনকি যদি সে ব্যক্তির COVID-19 আছে সন্দেহ করা হয় যা এখনো পরীক্ষিত হয়নি)
- আরেকজন কর্মীর সাথে দেখা করেন যাঁর উপসর্গগুলো আছে

যদি কর্মীদের উপসর্গগুলো দেখা দেয় তবে তাঁদের কাজ করা বন্ধ করে দিন।

### পরিস্কার করা

ডিটারজেন্ট সাবান বা জীবানুনাশক দিয়ে ঘনঘন পরিস্কার করুনঃ

- ঘনঘন স্পর্শ করা হয় এমন পৃষ্ঠতলগুলো – যন্ত্রপাতি, লিফট, উত্তোলক যন্ত্র,হ্যান্ডরেইল বা হাতল, দরজাগুলো
- ব্যক্তিগত সামগ্রী যেমন চশমা ও ফোন
- কাজের জিনিস যেমন যন্ত্রপাতি বা সরঞ্জাম
- সাইটের জিনিষপত্র বা সুবিধাদি

কর্মীদেরকে কাজের পরে সাথে সাথে যন্ত্রপাতি পরিস্কারের প্রশিক্ষণ দিন।

যাঁরা পরিস্কার করবেন তাঁদের উচিতঃ

- হাতমোজা পরা
- হাত মোজা পরার আগে অ্যাকোহলভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা

কর্মীরা যেন ময়লা ও আবর্জনা যেমন ব্যবহৃত টিস্যু ফেলতে পারেন সেজন্য বন্ধ আবর্জনা রাখার পাত্র বা বিন রাখা।

### স্বাস্থ্যবিধি বা পরিস্কার পরিচ্ছন্নতা

কর্মীদের ভালো স্বাস্থ্যবিধি মেনে চলা আবশ্যিক

- কাশি বা হাঁচি হাতের কনুই বা টিস্যু দিয়ে ঢেকে রাখা
- টিস্যুগুলো ঠিকমতো ফেলে দেয়া
- ঘনঘন সাবান ও পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড হাত ধোয়া এবং সম্পূর্ণভাবে শুকিয়া ফেলা, খাবার আগে ও পরে এবং টয়লেটে যাবার পর হাত ধোয়াও এর মধ্যে পরে
- অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা

- শরীর, চুল (মুখের চুল এর মধ্যে পরে) এবং কাপড়চোপড় পুঙ্খানুপুঙ্খভাবে প্রতিদিন ধোয়া
- অন্যদের থেকে ১.৫ মিটারের বেশী দূরত্বে থাকা
- অসুস্থ হলে বাড়ীতে থাকা
- মুখ স্পর্শ করা এড়ানো
- হ্যান্ডশেক বা অন্যান্য শারীরিক সংস্পর্শ এড়ানো
- থুতু ফেলা ঠেকে বিরত থাকা
- সিগারেটের বাট বিনে ফেলা

আপনাদের ওয়াশরুম জায়গাগুলো পরিষ্কার থাকা উচিত এবং সেখানে সাবান, পানি ও টয়লেট পেপার রাখতে হবে। কর্মীদের জন্য অ্যালকোহলভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।

### ডেলিভারী এবং অন্যান্য কন্ট্রাক্টরদের কাজের জায়গায় আসা

কাজের জায়গায় যদি সাইট ভিজিট করতেই হয় তবেঃ

- তাঁরা সাইটে থাকলে আপনাদের আবশ্যিক শর্তগুলোর ব্যাপারে তাঁদেরকে পরিষ্কার নির্দেশনা দিন
- এই সময়ে জড়িত কর্মীদের সংখ্যা সীমিত করুন
- অ্যালকোহলভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার রাখবেন ডেলিভারী পাবার পর ব্যহারের জন্য
- সাইটে আসা ট্রাক ড্রাইভারদেরকে যানবাহনের ভেতরে থাকতে নির্দেশনা দিন
- ইলেকট্রনিক পেপারওয়ার্ক ও সাক্ষর করার বিকল্প পস্থা নিজে ব্যবহার করুন ও অন্যদেরও ব্যবহার করতে বলুন

### আরো তথ্য

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য তথ্য পেতে [Safe Work Australia website](https://www.swa.gov.au/coronavirus) ওয়েবসাইটটিতে যান